



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



প্রেস-রিলিজ

তারিখঃ ০৮.১১.২০১৯ খ্রিঃ

জাতির পিতার সমাধিতে বরিশাল বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্যের শ্রদ্ধাঞ্জলি

গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সমাধিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের সদ্য নিযুক্ত মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. ছাদেকুল আরেফিন (আরেফিন মাতিন)। অদ্য ৮ নভেম্বর ২০১৯ তারিখ দুপুর ১২ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য মহোদয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সমাধি সৌধ কমপ্লেক্সে পৌঁছলে তাঁকে স্বাগত জানান স্থানীয় আওয়ামীলীগ নেতৃবৃন্দ। এ সময় মাননীয় উপাচার্য মহোদয়ের সহধর্মিণী ও কন্যাসহ আরও উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, বঙ্গবন্ধু হল, শেখ হাসিনা হল ও শেরে বাংলা হলের প্রভোস্টবৃন্দ, সহকারী প্রক্টরবৃন্দ, শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক, বঙ্গবন্ধু পরিষদ, নীলদল, সেক্টর কমান্ডারস ফোরাম মুক্তিযুদ্ধ ৭১ বিবি শাখা, অফিসার্স এসোসিয়েশন, কর্মকর্তা কর্মচারী ঐক্য পরিষদ, উপাচার্য মহোদয়ের কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ, রেজিস্ট্রার অফিসের ২ জন সিনিয়র কর্মকর্তা, গ্রেড ১১-১৬ কল্যান পরিষদ এবং গ্রেড ১৭-২০ কল্যান পরিষদের সভাপতি ও সাধারণ সম্পাদক। মাননীয় উপাচার্য মহোদয় সকলকে সাথে নিয়ে ফাতেহা পাঠ করেন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ ১৫ আগস্ট শাহাদাত বরণকারী তাঁর পরিবারের অন্যান্য সদস্যদের রুহের মাগফিরাত কামনা করেন। পরে তিনি সমাধি কমপ্লেক্স সংলগ্ন বঙ্গবন্ধু জাদুঘর পরিদর্শন করেন এবং পরিদর্শক বহিতে স্বাক্ষর করেন। উল্লেখ্য অধ্যাপক ড. মো. ছাদেকুল আরেফিন (আরেফিন মাতিন) গত ৬ নভেম্বর ২০১৯ তারিখ বরিশাল বিশ্ববিদ্যালয়ে উপাচার্য হিসেবে যোগদান করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস